Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 11 May, 2025

পাবনার চাটমোহরে গাছ থেকে আম পাড়তে গিয়ে ডাল ভেঙে নিচে পড়ে এক দিনমজুরের মৃত্যু হয়েছে।

রোববার (১১ মে) সকালে উপজেলার মথুরাপুর ইউনিয়নের বাহাদুরপুর পশ্চিমপাড়া গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

মথুরাপুর ইউনিয়ন পরিষদের দুই নাম্বার ওয়ার্ড ইউপি সদস্য সিদ্দিকুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহত দিনমজুরের নাম ইসরাইল হোসেন (৩৮)। তিনি ছাইকোলা ইউনিয়নের কুকড়াগাড়ি গ্রামের মৃত মকবুল প্রামাণিকের ছেলে।

প্রায় ২০ বছর আগে বাহাদুরপুর গ্রামের মৃত আব্দুল কাদেরের মেঝো মেয়েকে বিয়ের পর থেকে তিনি সেখানে পরিবারসহ বসবাস করতেন।মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে রেখে গেছেন।

নিহতের স্বজন ও এলাকাবাসী জানান, রোববার সকালে বাড়ির পাশে গাছে উঠে আম পারছিলেন ইসরাইল।একপর্যায়ে তিনি গাছের মগডালে উঠে পড়েন।গাছের ডাল চিকন থাকায় সেখান থেকে ভেঙে নিচে পড়ে যান তিনি।এ সময় হাত ও পা ভেঙে তিনি গুরুতর আহত হলে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে প্রথমে চাটমোহর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করে।অবস্থা খারাপ হওয়ায় চিকিৎসকরা তাকে পাবনা জেনারেল হাসপাতালে স্থানান্তর করেন।

সেখানে চিকিৎসাধীন অবস্থায় সকাল দশটার দিকে মারা যান ইসরাইল।

ঘটনার পর এলাকাবাসীর মাঝে শোকের ছায়া নেমে এসেছে।স্থানীয় পল্লী চিকিৎসক মজনুর রহমান বলেন, ছেলেটা খুবই ভালো ছিল। কারো সাথে কোন উচ্চবাচ্য করতো না। খুবই হতদরিদ্র, দিনমজুরি করে সংসার চালাতো। দুই মেয়ে, এক ছেলে এবং স্ত্রী রেখে সে চলে গেল।এখন এই পরিবারটির কি হবে, কে দেখবে তাদের।সমাজের বিত্তবানদের এই পরিবারের পাশে দাঁড়ানোর আহ্বান জানান তিনি।

মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:04

URL: https://www.timestodaybd.com/rajshahi/2321775807